

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd


স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০২০.১৫. ১৯০৯

তারিখ: ২০ কার্তিক, ১৪২৬।
০৫ নভেম্বর, ২০১৯।

বিষয়: প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ সফলভাবে অনুষ্ঠান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ আগামী ১৭ নভেম্বর ২০১৯ তারিখ হতে একযোগে সারাদেশে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য অত্র দপ্তরের তথ্যানুযায়ী সারা দেশে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় মোট ৭৪৫৮টি কেন্দ্র রয়েছে। তন্মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩৯৩১টি কেন্দ্র এবং উচ্চ বিদ্যালয় ও মাদরাসায় ৩৫২৭ টি কেন্দ্র রয়েছে। বর্ণিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। উল্লেখ্য ইতোমধ্যে মাঠ পর্যায়ে কেন্দ্র নির্বাচন সম্পন্ন হলেও শিক্ষকগণের বিভিন্ন দাবীর প্রেক্ষিতে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হতে পারে মর্মে আশংকা করা হচ্ছে।

২। এমতাবস্থায় সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে যে সকল পরীক্ষা কেন্দ্রে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ কেন্দ্র সচিব অথবা ইনভিজিলেটর এর দায়িত্বপ্রাপ্ত সে সকল পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনে উচ্চ বিদ্যালয়/মাদরাসার প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট/সহকারী শিক্ষকগণকে দায়িত্ব প্রদান করে পরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার বিকল্প প্রস্তুতি গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



মোঃ সাবের হোসেন
পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৫৫০৭৪৮২৯

১। জেলা প্রশাসক (সকল)

জেলা.....।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

জেলা.....উপজেলা.....।

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

জেলা.....।

৪। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা/

জেলা.....উপজেলা.....।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/ চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। সুপারিনটেনডেন্ট (সকল), পিটিআই.....।
- ৪। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল).....।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৭। সংরক্ষণ নথি।